যেতে যদি হয় হবে—
যাব, যাব, যাব তবে ॥
লেগেছিল কত ভালো   এই-যে আঁধার আলো—
খেলা করে সাদা কালো উদার নভে ।
গেল দিন ধরা-মাঝে   কত ভাবে, কত কাজে,
সুখে দুখে কভু লাজে, কভু গরবে ॥
প্রাণপণে কত দিন   শুধেছি কঠিন ঋণ,
কখনো বা উদাসীন ভুলেছি সবে ।
কভু ক'রে গেনু খেলা,   স্রোতে ভাসাইনু ভেলা,
আনমনে কত বেলা কাটানু ভবে ॥
জীবন হয় নি ফাঁকি,   ফলে ফুলে ছিল ঢাকি,
যদি কিছু রহে বাকি কে তাহা লবে !
দেওয়া-নেওয়া যাবে চুকে, বোঝা-খসে-যাওয়া বুকে
যাব চলে হাসিমুখে— যাব নীরবে ॥

---

Parjaay: Puja, Taal: Dadra, Raag: Bhairavi

Visit www.geetabitan.com for notation and other detail